মেহেরপুরে আরও ৩৯ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৩৯ জন করোনায় আক্রান্ত হয়েছেন।

নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২৭ জন, গাংনী ১১ জন এবং মুজিবনগরে ১ জন। শনিবার সন্ধ্যায় জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৮৩ টি। তারমধ্যে ৩৯ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৩৫ জন। তার মধ্যে সদরে ৮৩ জন, গাংনীতে ৩৬ জন এবং মুজিবনগরে ১৬ জন।

কালীগঞ্জে অজ্ঞান পার্টির খপ্পরে ব্যবসায়ী, আটক ২

ঝিনাইদহের কালীগঞ্জে ডিম ব্যবসায়ী রমেল পারভেজ প্রান্ত অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে নগদ এক লক্ষ টাকা হারিয়েছেন। শনিবার সকাল সাড়ে ১১ টার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনায় অজ্ঞান পার্টির দুই সদস্যকে স্থানীয়রা আটক করে পুলিশে দিয়েছে।

আটককৃতরা হলেন, ঢাকার সাভার এলাকার জালেশ্বর এলাকার তারা মিয়ার ছেলে সাইদুল ইসলাম (৩০) ও যশোরের অভয়নগর উপজেলার নওয়াপাড়া এলাকার মৃত আলী আহম্মদের ছেলে মামুন অর রশিদ তালুকদার (৪৪)।

ডিম ব্যবসায়ী রমেল পারভেজ প্রান্ত জানান, শনিবার সকাল সাড়ে ১১ টার দিকে শহরের মেইন বাসস্ট্যান্ড থেকে রূপসা হামিদ আলী বাসে করে ঝিনাইদহ যাচ্ছিলেন। তিনি বাসের একটি সিটে বসেন। হঠাৎ পাশ থেকে একজন খেজুর খেতে বেশ অনুরোধ করেন। এরপর খেতে না চাইলে জোর করেই মুখের মধ্যে ঢুকিয়ে দেয়। মুখে দেওয়ার সাথে সাথে মাথা ঘুরতে থাকে। এরপর তিনি মুখ থেকে খেজুর ফেলতে চাইলে তারা বাঁধা দেয়। সিট থেকে উঠে যেতে চাইলেও বাঁধা দেয়। এরপর শরীরের শক্তি দিয়ে সেখান থেকে

বরে হয়ে বাইরে খেজুর ফেলে দিই। এরমধ্যে তার আমার ডান পকেট থেকে নগদ এক লক্ষ টাকা বের করে নিয়ে গাড়ি থেকে লাফ দেয়। এরপর তার চিৎকারে স্থানীয়রা অজ্ঞান পার্টির দুই সদস্যকে ধরে ফেলে এবং অসুস্থ রমেল পারভেজকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

আটক অজ্ঞান পার্টির দুই সদস্য ওই ব্যবসায়ীকে খেজুর খাওয়ায়ে অজ্ঞান করার কথা স্বীকার করেছেন।

কালীগঞ্জ থানার ওসি (তদন্ত) মতলেবুর রহমান জানান, স্থানীয়রা মারধর করে অজ্ঞান পার্টির দুই সদস্যকে মারধর করে পুলিশে সোপর্দ করেছে। বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

ভূমিহীনদের দেওয়া ঘর পরিদর্শন করলেন এ কে এম ফজলুর রহমান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার গৃহহীন-ভূমিহীনদের জন্য নির্মিত আর্শিনগর (আশ্রয়ণ-২ প্রকল্প) ঘর পরিদর্শন করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক একে এম ফজলুর রহমান।

শনিবার দুপুরে ঝিনাইদহের হরিনাকুণ্ড উপজেলার আর্শিনগর সহ কয়েকটি স্থানে গৃহহীন পরিবারের পূনর্বাসন স্বপ্ন নগরী পরিদর্শন করেন তিনি।

এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, হরিনাকুণ্ডু উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সেলিম আহামেদ, প্রধানমন্ত্রীর কার্যালয়ের অফিস সহায়ক আব্দুল হান্নান শেখ,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোহাম্মদ জামাল হোসাইন,উপজেলা প্রকৌশলী কর্মকর্তা সাব্বির-উল ইসলাম। এসময় আরো উপস্থিত ছিলেন,তাহেরহুদা ইউনিয়ন ভূমি কর্মকর্তা আব্দুল হান্নান।

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক একে এম ফজলুর রহমান

নির্মান কাজের গুনগত মান ও খাস জমি নির্বাচন প্রক্রিয়ায় সন্তোষ প্রকাশ করেন।

মুজিবনগরে গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী গ্রেপ্তার

মুজিবনগরে পুলিশের মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ বাদশা শেখ (২৩) এবং আকাশ গাজি (২২) নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর ডিবি পুলিশ। শুক্রবার বিকাল ৫ টার দিকে তাদের আটক করা হয়। আটক বাদশা শেখ মুজিব নগর উপজেলা রশিকপুর গ্রামের খাল পাড়ার আব্দুল কুদ্দুসের ছেলে এবং আকাশ গাজী একই উপজেলার শিবপুর (পৃর্বপাড়া) গ্রামের ইজারুল গাজীর ছেলে।

ডিবি পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবির ওসি জুলফিকার আলীর নেতৃত্বে মেহেরপুর মুজিবনগর উপজেলার গৌরিনগর নাগার মাঠ নামক স্থানে অভিযান চালিয়ে বাদশাহ শেখ ও আকাশ গাজীকে আটক করেন। এ সময় তাদের দেহ তল্লাসি করে বাদশা শেখের নিকট হতে ৬০০ গ্রাম এবং আকাশ গাজির এর নিকট হতে ২৫০ গ্রাম গাজা উদ্ধার করা হয় এবং তাদেরকে মুজিবনগর থানায় সৌপর্দ করা হয়।এ ঘটনায় তাদের বিরুদ্ধে মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করে কোর্টের মাধ্য কারাগারে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গার তিতুদহে আ.লীগ ও স্বতন্ত্র প্রার্থীর কর্মীদের

মধ্যে দফায় দফায় হামলা, উভয়পক্ষের আহত ৯

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউপি নির্বাচনকে কেন্দ্র করে নৌকা ও স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী আনারস প্রতীকের সমর্থকদের মধ্যে দফায় দফায় ধাওয়া পালটা হামলার ঘটনা ঘটেছে।
গতকাল শুক্রবার রাত ৮ টা থেকে ১০ টা পর্যন্ত তিতুদহ বাজার ও গ্রীসনগরে এলাকায় দফায় দফায় এ সংঘর্ষের ঘটনা ঘটে।
দুই পক্ষের কয়েকটি অফিস, প্রাইভেটকার ও মোটরসাইকেল ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। এতে তসলিম উদ্দিন নামে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থীর এক কর্মীকে এলোপাতাড়ি কুপিয়ে জখম সহ উভয়পক্ষের মোট আটজন আহত হয়েছে।
এদিকে আ.লীগ মনোনীত নৌকা প্রতীকের চেয়ারম্যান প্রার্থী শুকুর আলীর তিনটি ও স্বতন্ত্র প্রার্থী মিজানুর রহমান টিপুর দুটি নির্বাচনী অফিস পাল্টাপাল্টি ভাংচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। এছাড়াও স্বতন্ত্র প্রার্থীর এক সমর্থকের মোটরসাইকেল ভাংচুর করা হয়।
খবর পেয়ে দর্শনা থানা পুলিশে ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়। এ হামলার ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির মেহেরপুর প্রতিদিনকে বলেন ঘটনা আমি শুনেছি দুই গ্রপে মারামারীর ঘটনা ঘটছে। সাথে সাথে আমি আমার ফোর্স পাঠিয়ে পরিস্হিতি নিয়ন্ত্রণে নিয়েছি।আহতদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠিয়েছি।এদের মধ্যে ১ জনের অবস্হা খুব গুরুতর।

অতিরিক্ত আইজিপি হলেন ঝিনাইদহের কৃতি সন্তান শাহাবুদ্দিন খান

বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার থেকে পদোন্নতি পেয়ে অতিরিক্ত পুলিশ মহা পরিদর্শক (গ্রেড-২) হলেন ঝিনাইদহ শৈলকুপার কৃতি সন্তান শাহাবুদ্দিন খান (বিপিএম)।

জানা যায়, তিনি ১৯৬৪ সালের ১১ জুন ঝিনাইদহের শৈলকুপা উপজেলার হাতেমপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ঐ গ্রামের মরহুম আকবর আলী খানের ২য় পুত্র।

শৈলকুপা পাইলট উচ্চ বিদ্যালয় থেকে ১৯৮২ সালে কৃতিত্বের সাথে এস এস সি, ১৯৮৪ সালে শৈলকুপা ডিগ্রি কলেজ থেকে এইচএসসি এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন।

১৯৯৫ সালের ১৫ নভেম্বর ১৫ তম বিসিএস এ তিনি সহকারী পুলিশ সুপার হিসেবে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করেন। তিনি কুষ্টিয়া, নারায়নগঞ্জ, মুন্সগঞ্জ, রাজশাহী, নরসিংদী জেলার পুলিশ সুপার হিসেবে কর্মরত ছিলেন।

এছাড়াও তিনি র্যাব-১২,র্যাব- ৪ ও র্যাব- ১০ এর পরিচালক হিসেবে সুনামের সহিত দায়িত্ব পালন করেছেন।চৌকস এ পুলিশ কর্মকর্তা শান্তিরক্ষা মিশনে কসোভোতে দায়িত্ব পালন করেছেন।

দামুড়হুদায় শূকরের কামড়ে এক কৃষক রক্তাক্ত জখম

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা সীমান্তবর্তী শ্যামপুর মাঠে ভারতীয় শূকরের কামড়ে মিন্টু মিয়া (৩৫) নামের এক কৃষক রক্তাক্ত জখম হয়েছে।

পরে স্থানীয় কৃষকরা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। শুক্রবার বেলা ১১ টার দিকে শ্যমপুর বড়দাড়ী মাঠে এ ঘটনা ঘটে।

মিন্টু মিয়া জানান, বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী শ্যমপুর বড়দাড়ী মাঠে ভুট্টার জমিতে ঘাস কাটতে যায়। এ সময় ৩/৪ টি ভারতীয় বুনো শূকর আমাকে ধরে কামড়াতে থাকে। এ সময় আমার চিৎকারে আসেপাশের কয়েক জন কৃষক আমাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। আমার শরীরের ৭ টি স্থানে শূকর কামড়ে গোস্ত তুলে নিয়েছে।

কৃষক আব্দুস ছালাম জানান, প্রতি রাতে ও দিনে ভারতীয় সীমান্তের তার কাঁটার নিকট অবস্থানরত বুনো শূকর বাংলাদেশের দর্শনা নিমতলী, ঈশ্বরচন্দ্রপুর, শ্যমপুর, জয়নাগর, সুলতানপু, নাস্তিপুর, কামারপাড়া ও বড়বলদিয়া সীমান্তবর্তী মাঠে প্রবেশ করছে। গ্রামের শত শত বিঘা ভুট্টার জমিতে প্রায় শতাধিক ভারতীয় শূকর দলবন্ধ ভাবে এসে ভুট্টাক্ষেতের ভুট্টা গাছ ভেঙ্গে দিয়ে ভুট্টা খেয়ে যাচ্ছে। বিষয়টি বারবার কৃষি বিভাগকে জানালে তারা কো ব্যবস্থা নেইনি। এবার চাষীরা ব্যপক ভুট্টা ক্ষতিগ্রস্থ হবে।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা কৃষি উপ-সহকারী অফিসার কাজী ইয়াসির আরাফাত বলেন, কৃষকরা আমাকে বিষয়টি জানিয়েছে। আমি আমার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানিয়েছি।

বারাদিতে জাতীয় যুব জোটের উদ্যোগে দোয়া মাহফিল

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত বারাদি ইউনিয়নের সিংহাটি গ্রামে জাতীয় যুব জোটের উদ্যোগে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

জাসদ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী ও জাতীয় যুব জোট নেতা নুরু- উছ-সাফা প্লাবনের উদ্যোগে শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে সিংহাটি গ্রামে প্লাবনের নির্বাচনী কার্যালয়ে এই দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

দোয়া মাহফিল পরিচালনা করেন জাসদ নেতা আব্দুর রহিম। এসময় উপস্থিত ছিলেন জাতীয় যুব জোটের নেতাকর্মী হাসমত আলী, ইসরাফিল হোসেন, সাজেদুল মন্ডল, তানজিল, মাসুম বিল্লাহ, আরজুল হক, প্রমুখ। দোয়া মাহফিলে জাসদের যে সকল নেতাকর্মী করোনাই আক্রান্ত হয়েছে তাদের সকলের সুস্থতায় কামনায় করা হয়। এসময় প্লাবন সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাক্স পরিধানের আহবান জানান।

মেহেরপুরে জেলা জাসাসের কর্মী সম্মেলন

মেহেরপুরে জেলা জাসাসের কর্মী সম্মেলন হয়েছে।

শুক্রবার বিকালে মেহেরপুর জেলা বিএনপি’র কার্যালয়ে জেলা জাসাসের সভাপতি মাহফুজুর রহমান অশেষ এর সভাপতিত্বে এ কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথি হিসাবে মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও মেহেরপুর-১ আসনের সাবকে সংসদ সদস্য মাসুদ অরুন, উদ্বোধক কেন্দ্রীয় কমিটির জাসাসের যুগ্ম আহবায়ক শরীফ মাহামুদুল হক সঞ্চয়, প্রধান বক্তা কেন্দ্রীয় কমিটি জাসাসের সদস্য সচিব জাকির হোসেন রোকন, বিশেষ অতিথি জাসাসের কেন্দ্রীয় কমিটির শাহ মোহাম্মদ বিল্লাল হোসেন, আহসান হাবীব, জেলা জাসাসের সঞ্চালক বাকাবিল্লাহ সহ জেলা জাসাসের নেতৃবৃন্দরা সেখানে উপস্থিত ছিলেন।

মেহেরপুরের চিকিৎসায় যুক্ত হলো সিটিস্ক্যান মেশিন

মেহেরপুরের বেসরকারি চিকিৎসা কেন্দ্র সনো ল্যাব যুক্ত করলো সিটি স্ক্যান মেশিন।

শুক্রবার সকালে সরকারি হাসপাতাল রোডে অবস্থিত সনো ল্যাবের নিজস্ব চিকিৎসা কেন্দ্রে স্থাপনের মাধ্যমে এই সিটি স্ক্যান মেশিনের উদ্বোধন করা হয়। মেহেরপুরে চিকিৎসা ক্ষেত্রে এই প্রথম সিটি স্ক্যান মেশিন স্থাপন হলো।

ডা. জে.পি আগরওয়ালা ও ডা. সম্পা আগরওয়ালা এই ডাক্তার দম্পতি

অত্যান্ত স্বল্প পরিসরে বিশ্বকর্মা পূজা আর্চনার মাধ্যমে মেশিনটির আনুষ্ঠানিক যাত্রা ঘোষণা করেন। করোনাকালীন সময়ের বিবেচনায় সকল ধরনের জমায়েত এড়ানোর জন্যই বড় কোন আনুষ্ঠানিকতা করতে না পারার জন্য দুঃখ প্রকাশ করেন তারা।

সনো ল্যাবে বিভিন্ন বিষয়ের বিশেষজ্ঞ ডাক্তারগণ নিয়মিত রোগী দেখছেন। পরীক্ষার জন্য আরো যে সকল মেশিন ব্যবহার হচ্ছে সেগুলোর মধ্যে কালার ড্রপলার, কালার আল্ট্রাসনো, ডিজিটাল এক্স-রে, হরমন এনালাইসিস, সেল কাউন্টার ও ইসিজি মেশিন। ডাক্তার দম্পতির ইচ্ছা মেহেরপুরের চিকিৎসা ক্ষেত্রে শুধুমাত্র বাণিজ্যিক ভাবনায় না থেকে সেবা করার মানুষিকতায় নিজেরা অবদান রাখতে চান।